**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/9/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# সর্বপ্রথম NYS অপিওয়েড ওভারডোজ সচেতনতা দিবসে, প্রেসক্রিপশন ড্রাগ এবং ওভারডোজ-সম্পর্কিত মৃত্যু প্রতিরোধের জন্য গভর্নর হোচুল 4.25 মিলিয়ন মার্কিন ডলার প্রাপ্তির কথা ঘোষণা করেছেন

## *প্রতিরোধ গড়তে, শিক্ষা এবং সচেতনতা বৃদ্ধি করতে এবং জীবন বাঁচাতে সাহায্য করার জন্য ন্যালোক্সোন ক্রয় ও বিতরণের উদ্দেশ্যে অর্থায়ন ব্যবহার করা হবে*

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে মাদকদ্রব্য অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসন (Substance Abuse and Mental Health Services Administration) থেকে পাঁচ বছর ধরে প্রদেয় 4.25 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান প্রাপ্ত হয়েছে প্রেসক্রিপশন ড্রাগ এবং ওপিওয়েড ওভারডোজ-সম্পর্কিত মৃত্যু এবং প্রতিকূল ঘটনা প্রতিরোধ করতে সহায়তা করার জন্য। অনুদানটি প্রথম প্রতিক্রিয়াকারীদের প্রশিক্ষণের জন্য ওভারডোজ প্রতিরোধ এবং অন্যান্য সম্প্রদায় -ভিত্তিক পরিষেবা প্রদানকারী এবং অংশীদারদের, এবং তার সাথে ব্যক্তি এবং পরিবারদেরও অর্থ প্রদান করবে।

এই প্রদানের ঘোষণা সর্ব প্রথম NYS ওপিওয়েড ওভারডোজ সচেতনতা দিবসের সাথে একই দিনে করা হয়েছে। NYS স্বাস্থ্য দপ্তর (NYS Department of Health) কর্তৃক আয়োজিত এই উদযাপন, যারা ওভারডোজের কারণে মারা গেছেন তাদের সম্মান জানায় এবং পরিবার এবং সম্মুখ সারির কর্মীদের উদযাপন করে যারা জীবন বাঁচানোর জন্য নিবেদিত।

"ওপিওয়েড মহামারীটি আমার কাছে এক ব্যক্তিগত বিষয়, যেহেতু আমি আমার পরিবারের এক সদস্যকে হারিয়েছি ওভারডোজের কারণে," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্কে, আমরা শিক্ষা ও সচেতনতা বৃদ্ধি করে এবং প্রতিরোধ ও চিকিত্সা পরিষেবার উন্নত করার মাধ্যমে এই সংকটের সাথে লড়াই করার জন্য আমাদের প্রচেষ্টা প্রসারিত করছি। নিউ ইয়র্ক রাজ্যের প্রথম ওপিওয়েড ওভারডোজ সচেতনতা দিবসে, আমি যারা পদার্থের অপব্যবহারের সাথে লড়াই করছেন তাদের নিরুৎসাহিত না হয়ে সাহায্য এবং সহায়তার জন্য হাট বাড়াতে উৎসাহিত করি। আমরা এই সংকটের অবসান ঘটাতে এবং জীবন বাঁচাতে সাহায্য করার জন্য এক সাথে কাজ করা চালিয়ে যাব।"

NYS অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টসের অফিস (NYS Office of Addiction Services and Supports) ওভারডোজ প্রতিরোধ কৌশলগুলির জ্ঞানকে "কী কমিউনিটি সেক্টর" এ প্রসারিত করার দিকে মনোনিবেশ করবে যা গর্ভবতী এবং প্রসবোত্তর ব্যক্তি এবং তাদের পরিবার এবং ঘনিষ্ঠ অংশীদারের সহিংসতার দ্বারা প্রভাবিত ব্যক্তি এবং পরিবারগুলির সাথে কাজ করে।

সংস্থাটি স্থানীয় আমেরিকান/আদিবাসী সম্প্রদায় এবং লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার (Lesbian, Gay, Bisexual, Transgender, LGBT+) সম্প্রদায়ের সাথেও ঘনিষ্ঠভাবে কাজ করবে।

শনাক্তকৃত প্রদানকারীরা 20,000 মার্কিন ডলার পর্যন্ত পাওয়ার যোগ্য হবেন ব্যক্তি ও পরিবার এবং অন্যান্য সম্প্রদায়-ভিত্তিক পরিষেবা প্রদানকারীদের ওভারডোজ প্রতিরোধ প্রশিক্ষণ প্রদান করতে এবং অন্যদের ওভারডোজ প্রতিরোধ প্রদানকারী হতে প্রশিক্ষণ দিতে। তহবিল গ্রহণকারী নির্দিষ্ট প্রদানকারীদের পরবর্তী পরে চিহ্নিত করা হবে।

আসক্তি পরিষেবা এবং সহায়তার দপ্তর (Office of Addiction Services and Supports, OASAS) নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসের (New York State Office of Children and Family Services) সাথে অংশীদারিত্ব করবে যাতে রাজ্য শিশু ও পারিবারিক সহায়তার দপ্তর (Office of Children and Family Services, OCFS) পরিচালিত গার্হস্থ্য সহিংসতা আশ্রয়কেন্দ্র, হেলদি ফ্যামিলিজ নিউ ইয়র্ক হোম ভিজিট কর্মসূচী, মেটেরনাল অ্যান্ড ইনফ্যান্ট কমিউনিটি হেলথ কোলাবরেটিভ কর্মসূচীগুলিতে তাদের সম্মুখ সারির কর্মীদের প্রশিক্ষণ এবং নালোক্সন কিট প্রদান করার জন্য। উপরন্তু, এই তহবিলগুলি OASAS বা নির্বাচিত সম্প্রদায়-ভিত্তিক অংশীদারদের একজনের কাছ থেকে প্রশিক্ষণ গ্রহণকারী ব্যক্তি এবং পরিবারগুলিতে ওভারডোজ প্রতিরোধের কিট এবং নালক্সোন বিতরণ করতে ব্যবহৃত হবে।

**OASAS কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন,** "আমরা জানি যে মহামারী চলাকালীন গত বছর প্রাণনাশক ওভারডোজ বৃদ্ধি পেয়েছিল এবং মানুষ এখনও যে প্রচণ্ড মানসিক চাপের অভিজ্ঞতা করছে আমরা তাকে স্বীকৃতি প্রদান করি। আমরা খুব খুশি যে আমরা এই অনুদান পেয়েছি কারণ এটি রাজ্যের কাছে সংস্থান নিয়ে আসবে এবং ওভারডোজ প্রতিরোধের জন্য আমাদের প্রচেষ্টার সাথে যোগদান করবে। আমাদের অংশীদার সংস্থাগুলির সাথে একত্রে, আমরা বিপন্ন জনগোষ্ঠীগুলির কাছে পৌঁছানোর জন্য উদ্ভাবনী পন্থা তৈরি করছি যা আমরা অন্যথায় পৌঁছাতে নাও পারতে পারি।"

**রাজ্যের স্বাস্থ্য কমিশনার ড: হাওয়ার্ড জুকার বলেন,** "স্বাস্থ্য দপ্তর এবং OASAS সর্বদা এক সঙ্গে কাজ করেছে আসক্তির ধ্বংসযজ্ঞের মোকাবেলা করতে এবং ওভারডোজ প্রতিরোধ করতে সাহায্য করতে। এই তহবিলের সাহায্যে, আমরা পরিবার এবং প্রিয়জনদের ক্ষতি থেকে রক্ষা করার জন্য আমাদের প্রতিশ্রুতি অব্যাহত রাখতে পারি, এবং তার সাথে সমস্ত নিউ ইয়র্কবাসীকে অন্যদের এবং নিজেদের সুস্থ জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করে ক্ষমতায়ন করতে পারি।"

অর্থায়নের প্রথম বছরে মোট 750 জনকে ওভারডোজ প্রতিরোধ করার জন্য প্রশিক্ষণ দেওয়া হবে। দ্বিতীয় বছরে, এই সংখ্যা 3.000 এ বৃদ্ধি পাবে এবং তারপর থেকে প্রতি বছর 4,000 জনকে প্রশিক্ষণ দেওয়া হবে মোট 15,750 জন ব্যক্তির জন্য।

যে নিউ ইয়র্কবাসীরা একটি আসক্তির সাথে লড়াই করছেন, অথবা যাদের প্রিয়জনরা সংগ্রাম করছেন, তারা 1-877-8-HOPENY, 1--877-846-7369 এ রাজ্যের টোল-ফ্রি, 24-ঘন্টা চালু, সপ্তাহে 7-দিনের HOPE লাইনে কল করে অথবা 467369 নম্বরে সংক্ষিপ্ত কোড HOPENY পাঠিয়ে সাহায্য এবং আশা পেতে পারেন।

সংকট/ডিটক্স, ইনপেশেন্ট, কমিউনিটি বাসস্থান, বা বহির্বিভাগের পরিচর্যা সহ উপলব্ধ আসক্তি চিকিত্সা NYS OASAS চিকিত্সা উপলব্ধতা ড্যাশবোর্ড ব্যবহার করে পাওয়া যাবে এখানে অথবা NYS OASAS ওয়েবসাইট এর মাধ্যমে।

আপনি বা আপনার প্রিয়জন যদি চিকিত্সার সাথে সম্পর্কিত বীমা নিয়ে বাধার সম্মুখীন হন বা অস্বীকৃত দাবির জন্য আপিল দায়ের করতে সাহায্যের প্রয়োজন হয়, 888-614-5400 নম্বরে CHAMP হেল্পলাইনে ফোনে যোগাযোগ করুন অথবা ই-মেইল।

###